# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি শত্রুর মুখোমুখী হবে, এবং যুদ্ধে ব্যস্ত থাকবে, তখন তার জন্য বৈধ আছে আছে যুদ্ধ শেষ হওয়া অবধি সালাতকে বিলম্বিত করা

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ إِذَا لَقِيَ الْعَدُوَّ وَاشْتَغَلَ بِالْمُوَاقَعَةِ أَنْ يُؤَخِّرَ صَلَاتَهُ حَتَّى يَفْرُغَ مِنْ حربه

আরবী

2880 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا هَاشِمُ بْنُ الْحَارِثِ الْمَرْوَزِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ عَنْ زِرِّ بْنِ حُبَيْشٍ عَنْ حُذَيْفَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول يَوْمَ الْخَنْدَقِ: (شَغَلُونَا عَنِ صَلَاةِ الْعَصْرِ مَلَأَ اللَّهُ قُبُورَهُمْ وَبُيُوتَهُمْ نَارًا) قَالَ: وَلَمْ يُصَلِّهَا يومئذٍ حتى غابت الشمس.

الراوي : حُذَيْفَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2880 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (443).

বাংলা

২৮৮০. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি খন্দক যুদ্ধের দিন বলেছেন, “ওরা আমাদেরকে আসরের সালাত থেকে বিরত রেখেছে, আল্লাহ ওদের কবর ও গৃহগুলোকে আগুনে পূর্ণ করে দিন।”

রাবী বলেন, “সেদিন তিনি সূর্য অস্ত যাওয়া অবধি আসরের সালাত আদায় করতে পারেননি।”[1]

ফুটনোট

[1] বাযযার: ৩৮৮; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ১/৩০৯; সহীহুল বুখারী: ২৯৩১; সহীহ মুসলিম: ৬২৭;

তিরমিযী: ২৯৮৪; আবূ দাউদ: ৪০৯; নাসাঈ: ১/২৩৬; ইবনু মাজাহ: ৬৮৪; মুসনাদ আহমাদ: ১/৭৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২১৯৪; তাহাবী: ১/১৭৩;সুনান বাইহাকী: ১/৪৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92210

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন